

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-২)-১০৭

তারিখ : ০৮/৫/২০১৭ খ্রিঃ

বিষয়: প্রশিক্ষণ প্রাপ্ত ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদের নামের তালিকা সফট (Soft) এবং হার্ড (Hard) কপিতে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১।	৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-১)-২২১, তারিখ : ০৯/৭/১৫ খ্রিঃ	২।	৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-১)-২৭২, তারিখ : ১১/১০/১৫ খ্রিঃ
৩।	৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-১)-৩২৩, তারিখ : ০৩/০১/১৬ খ্রিঃ	৪।	৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-২)-৩০, তারিখ : ০২/০৩/১৬ খ্রিঃ
৫।	৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-২)-২৪৯, তারিখ : ০২/১২/১৬ খ্রিঃ	৬।	৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-২)-২৬, তারিখ : ০৮/০২/১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় জানুয়ারী’২০১২ থেকে ৩১ডিসেম্বর’১৬খ্রিঃ পর্যন্ত যে সমস্ত বেকার যুব/যুবমহিলাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং বিভিন্ন প্রকল্পে আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছেন তাদের নামের তালিকার সফট(Soft) কপি ও হার্ড (Hard) কপি ২৮ ফেব্রুয়ারী’২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার নির্দেশনা থাকলেও অদ্যাবধি বেশ কিছু উপজেলা থেকে যুবদের প্রশিক্ষণ ও আত্মকর্মের নামের তালিকা পাওয়া যায়নি। তাছাড়া কিছু কিছু উপজেলা সফট ও হার্ড কপি প্রেরণ করলেও মোবাইল নম্বর উল্লেখ করেন নাই।

অত্র প্রকল্পের আওতায় গত ০৩/৫/২০১৭ খ্রিঃ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালকের সম্মেলন কক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যদের উপস্থিতিতে প্রকল্পের দিক নির্দেশনামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার আপনার কার্যালয়ে যে সমস্ত বেকার যুব/যুবমহিলা প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছেন তাদের নামের তালিকার সফট কপি ও হার্ড কপি মোবাইল নম্বরসহ(নির্ধারিত ছক মোতাবেক) সংরক্ষণ করার জন্য কঠোর নির্দেশনা দেন।


এমতাবস্থায়, যে সমস্ত উপজেলা প্রশিক্ষণ প্রাপ্ত এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদের নামের তালিকা প্রেরণ করেন নাই; সে সমস্ত উপজেলাকে আগামী ৩১ মে’২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে(জানুয়ারী’২০১২ খ্রিঃ থেকে ৩১ ডিসেম্বর’ ২০১৬খ্রিঃ পর্যন্ত) প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

এখানে উল্লেখ্য যে, সফট (Soft) কপি সরাসরি পেনড্রাইভ এর মাধ্যমে অত্র প্রকল্পের কম্পিউটার অপারেটর জনাব মোঃ সোহাব হোসেন এর নিকট পৌঁছিয়ে দিতে পারেন অথবা ই-মেইল করে দিতে পারেন (pdtsp@dyd.gov.bd)। ই-মেইল করে ০১৯১৪-৯৩১২৪৮ নম্বরে ফোন করে নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

ইহা অতীত জরুরী।

প্রাপক:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (৪৪২টি)
যুব উন্নয়ন অধিদপ্তর
উপজেলা
জেলা.....।


(এ,এইচ,এম,সামসুজ্জামান)

প্রকল্প পরিচালক (মুখ্য-সচিব)

“কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” প্রকল্প।
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন : ০২-৪৭১১৩১৯০

অনুলিপি:

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(৫৭টি) জেলা(আপনার আওতাধীন উপজেলাসমূহের প্রশিক্ষণ প্রাপ্ত ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদের নামের তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক মোবাইল নম্বরসহ প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।